

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮২

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩০. বাহনে আরোহী অবস্থায় তাওয়াফ করা

بَابِ الطُّوافِ عَلَى الرَّاحِلَةِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ عَنْ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَافَ بِالْبَيْتِ عَلَى بَعِيرٍ كُلَّمَا أَتَى عَلَى الرُّكْنِ أَشَارَ إِلَيْهِ بِشَيْءٍ فِي يَدِهِ وَكَبَّرَ

বাংলা

১৮৮২. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। (বিদায় হজ্জের সময়) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উটে সাওয়ার হয়ে বায়তুল্লাহ্ তাওয়াফ করেন এবং প্রত্যেক বার যখনই রুকনে ইয়ামানীতে পৌঁছেন, তখন তাঁর হাতে থাকা কোনো কিছু (লাঠি) দ্বারা এর প্রতি ইশারা করেন এবং তাকবীর উচ্চারণ করেন।[1]

ফুটনোট

[1]তাহক্রীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, হাজ্জ, ১৬০৭; মুসলিম, হাজ্জ ১২৭২; ইবুন হাযম, আলমুহাল্লা ৭/১৮০; বাইহাকী, মা'রিফাতুস সুনান ওয়াল আছার নং ৯৯৭৪, ৯৯৭৭, ৯৯৭৮;

আমরা এর তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৮২৫, ৩৮২৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন